

গুচ্ছের ‘সি’ ইউনিটের ফল প্রকাশ, পাসের হার ৬৩.৪৬ শতাংশ

শাবিপ্রবি প্রতিনিধি

২৯ মে ২০২৩ ০৯:৪১ পিএম | আপডেট: ২৯ মে ২০২৩
০৯:৪১ পিএম

4
Shares

Subscribe & Vibe With Anuv Jain

✓ Top 100 new **panda/pro** subscribers get tickets for the concert.
✓ Top 10 subscribers get to meet Anuv Jain!*

*T&Cs apply. For details check our app or the comment section.

**Subscribe & Vibe
With Anuv Jain**

SUBSCRIBE NOW

✓ Top 100 new **panda/pro** subscribers
get tickets for the concert.
✓ Top 10 subscribers
get to meet Anuv Jain!*

*T&Cs apply. For details check our app or the comment section.

গুচ্ছভুক্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের লোগো

advertisement..

সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (জিএসটি) ‘সি’ ইউনিটের (বাণিজ্য) ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার ৬৩ দশমিক ৪৬ শতাংশ। আজ সোমবার রাত ৮টায় ফলাফল প্রকাশিত হয়েছে বলে জানান গুচ্ছ ভর্তি কমিটির যুগ্ম আহ্বায়ক ও শাবিপ্রবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

তিনি বলেন, আজ রাতে গুচ্ছের ‘সি’ ইউনিটের ফল প্রকাশ করা হয়েছে। এতে পাসের হার ৬৩ দশমিক ৪৬ শতাংশ। পরীক্ষায় অকৃতকার্য হয়েছে ৩৬ দশমিক ৫৪ শতাংশ। শিক্ষার্থীরা তাদের রোল দিয়ে জিএসটির ওয়েবসাইট থেকে ফল জানতে পারবে।

advertisement

ফল বিশ্লেষণে দেখা যায়, ‘স’ ইউনিটে মোট পরীক্ষার্থী ছিল ৩৯ হাজার ৮৬৪ জন। এর মধ্যে উপস্থিত ছিলেন ৩৮ হাজার ৩৫১ জন। তাতে উত্তীর্ণ হয়েছেন ২৪ হাজার ৩৩৭ জন। অনুত্তীর্ণ হয়েছেন ১৪ হাজার ১৩ জন। পাসের হার ৬৩ দশমিক ৪৬ শতাংশ।

উত্তীর্ণদের মধ্যে ৮৫ নম্বরের ওপরে ১ জন, ৮০ নম্বরের ওপরে ১৬ জন, ৭৫ নম্বরের ওপরে ৮৮জন, ৭০ নম্বরের ওপরে ৩৯০, ৬৫ নম্বরের ওপরে ৯৮৪ জন, ৬০ নম্বরের ওপরে ২১৯৭ জন, ৫৫ নম্বরের ওপরে ৪ হাজার ২৬০ জন, ৫০ নম্বরের ওপরে ৭ হাজার ২১ জন, ৪৫ নম্বরের ওপরে ১০ হাজার ৮৭৭ জন, ৪০ নম্বরের ওপরে ১৫ হাজার ২১৬ জন, ৩৫ নম্বরের ওপরে ১৯ হাজার ৭৫৮ জন, ৩০ নম্বরের ওপরে ২৪ হাজার ৩৩৭ জন এবং ৩০ নম্বরের নিচে ১৪ হাজার ১৩ জন। পরীক্ষার উত্তরপত্র বাতিল হয়েছে ১ জনের। এর মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছে ৮৫ দশমিক ২৫।

এদিকে, গত শনিবার (২৭ মে) দেশব্যাপী দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত গুচ্ছের ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে প্রায় ৯৬ দশমিক ২০ শতাংশ শিক্ষার্থী উপস্থিত ছিলেন বলে ভর্তি কমিটি সুন্ত্রে জানা যায়।

তার আগে গত ২০ মে ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এরপর মঙ্গলবার ২৩ মে ফল প্রকাশিত হয়, এতে পাসের হার ছিল ৫৬ দশমিক ৩২ শতাংশ।